



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার ঢাকা বাংলাদেশ

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ শুরু সংক্রান্ত

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, আগামী ০৯-০৩-২০১৭ তারিখ বৃহস্পতিবার থেকে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ক্লাশ শুরু হবে। আগামী ১৯ মার্চ ২০১৭ তারিখ প্রবেশিকা অনুষ্ঠান অনুষ্ঠিত হবে।

১ম বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদেরকে এই মুহূর্তে হলে সীট বরাদ্দ করা সম্ভব হবে না। তবে তাদেরকে বিভিন্ন হলে সংযুক্ত করা হবে। পরবর্তীতে হলে আসন শূন্য হওয়া সাপেক্ষে স্ব স্ব হল প্রভোস্ট পর্যায়ক্রমে তাদের জন্য হলে সীট বরাদ্দের ব্যবস্থা করবেন।

ছাত্র-ছাত্রীদেরকে এই মুহূর্তে হলে সীট বরাদ্দ করা সম্ভব হবে না বিধায় ঢাকা থেকে এসে তাদের ক্লাশ করার সুবিধার্থে সাময়িকভাবে নিম্নবর্ণিত রুটে শুধুমাত্র ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের ১ম বর্ষের ছাত্র-ছাত্রীদের জন্য বাসের ব্যবস্থা থাকবে।

(রুট-ক) মানিক মিয়া এভিনিউ থেকে ক্যাম্পাস (২টি বাস)	ক্যাম্পাস থেকে মানিক মিয়া এভিনিউ (২টি বাস)
সকাল ৭:৩০ টায় : মানিক মিয়া এভিনিউ থেকে ক্যাম্পাসের উদ্দেশ্যে বাস ছেড়ে আসবে।	বিকেল ৩:০৫ টায় : জহির রায়হান মিলনায়তন চত্বর থেকে মানিক মিয়া এভিনিউর উদ্দেশ্যে বাস ছেড়ে যাবে।
(রুট-খ) এয়ারপোর্ট থেকে ক্যাম্পাস (১টি বাস)	ক্যাম্পাস থেকে এয়ারপোর্ট (১টি বাস)
সকাল ৭:০০ টায় : এয়ারপোর্ট থেকে ক্যাম্পাসের উদ্দেশ্যে বাস ছেড়ে আসবে।	বিকেল ৩:০৫ টায় : জহির রায়হান মিলনায়তন চত্বর থেকে এয়ারপোর্টের উদ্দেশ্যে বাস ছেড়ে যাবে।
(রুট-গ) মিরপুর-১০ থেকে ক্যাম্পাস (১টি বাস)	ক্যাম্পাস থেকে মিরপুর-১০ (১টি বাস)
সকাল ৭:৩০ টায় : মিরপুর-১০ থেকে ক্যাম্পাসের উদ্দেশ্যে বাস ছেড়ে আসবে।	বিকেল ৩:০৫ টায় : ক্যাম্পাস থেকে মিরপুর-১০ এর উদ্দেশ্যে বাস ছেড়ে যাবে।

উক্ত বর্ষের ছাত্র-ছাত্রীদের যথাসময়ে সংশ্লিষ্ট হল অফিস থেকে বিশেষ আইডি কার্ড সংগ্রহপূর্বক বাসে যাতায়াতের সময় সার্বক্ষণিক প্রদর্শন করার জন্য নির্দেশ দেয়া হ'ল।

কেবল ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীরা এই বাসে যাতায়াত করবে। অন্যদের জন্য এই বাস নিষিদ্ধ।

স্বাক্ষর/- মোহাম্মদ আলী
ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা)
এবং
সচিব, কেন্দ্রীয় ভর্তি পরিচালনা কমিটি